তারিখ: ০৮/০৫/২০২২ খ্রীঃ

প্রেস বিজ্ঞপ্তি

বিএআরসিতে কৃষি প্রযুক্তি ও খাদ্য নিরাপত্তা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

অদ্য ৮ মে ২০২২ তারিখে বেলা ১১.০০ টায় ঢাকার ফার্মগেটে অবস্থিত বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে কৃষি প্রযুক্তি ও খাদ্য নিরাপত্তা (Agricultural Technology and Food Security) শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (জিআইএফএস), সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়, কানাডা (Global Institute for Food Security (GIFS), University of Saskatchewan, Canada এর যৌথ উদ্যোগে অনুষ্ঠিত উক্ত কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে মাননীয় কৃষি মন্ত্রী ড. মো: আব্দুর রাজ্জাক, এমপি. এবং কৃষি সচিব জনাব মো: সায়েদুল ইসলাম। উল্লেখ্য যে, গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি, কানাডা এর চার সদস্যের একটি প্রতিনিধি দল কর্মশালায় অংশগহণ করেন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: রুহুল আমিন তালুকদার।

মাননীয় কৃষি মন্ত্রী ড. মো: আব্দুর রাজ্জাক, এমপি কৃষিতে জলবায়ু পরিবর্তন, কৃষি জমির হাস, জনসংখ্যা বৃদ্ধি, ক্রমহাসমান জমির উর্বরতা ইত্যাদি চ্যালেঞ্জের কথা উল্লেখ করে বলেন যে, বাংলাদেশের কৃষি জলবায়ু ফসল উৎপাদনের জন্য বেশ অনুকূল এবং এই অনুকূল পরিবেশকে বিজ্ঞান-ভিত্তিকভাবে কাজে লাগিয়ে ফসল উৎপাদন বৃদ্ধি করতে হবে। কৃষি গবেষণায় কানাডার উন্নত কারিগরি সহযোগিতায় বাংলাদেশে কৃষি আরো এগিয়ে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠিত কারিগরি সেসনে কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি দলের সদস্যবৃদ্দ যথা: ড. বালজিট সিং, ভাইস প্রেসিডেন্ট (গবেষণা), জিআইএফএস এর পরিচালক ড. স্টিফেন ভিসার, বঙ্গাবন্ধু রিসার্চ চেয়ার এট জিআইএফএস ড. এন্তু সার্প এবং জিআইএফএস এর ইন্টারন্যাশনাল প্রোগ্রাম ডেভলাপমেন্ট ম্যানাজার জনাব মো: হাসান পারভেজ আহমেদ বাংলাদেশের কৃষি গবেষণায় ভবিষ্যৎ বিনিয়োগ ও কারিগরি সহযোগিতা প্রদান বিষয়ে পৃথক পৃথক প্রবন্ধ উপস্থাপন করেন।

তাছাড়া, বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড মো: তফাজ্জল ইসলাম Bangabandhu – Pierre Elliot Trudeau Agricultural Technology Centre (BP-ATC) স্থাপন ও এর অধীনে ৫ টি থিমের (Genomics Phenomics for Plant Breeding, Soil Health and Quality, Soil Water Regime and Adaptation, Agro-processing and Postharvest food handling, and Data Management) সমন্বিত গবেষণা কার্যক্রম ও গবেষণায় বিনিয়োগ বিষয়ে অপর একটি প্রবন্ধ উপস্থাপন করেন। উল্লেখ্য যে, GIFS-Canada BP-ATC এর অধীনে এসব গবেষণা কার্যক্রম বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান করবে। উল্লেখ্য এ লক্ষ্যে বিএআরসি কমপ্লেক্স এ GIFS Regional Office ইতোমধ্যে প্রতিষ্ঠিত হয়েছে।

কর্মশালায় কানাডা ও নেদাল্যান্ডসহ বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, FAO, IFAD, IsDB, World Bank, ADB সহ বিভিন্ন দাতা সংস্থা, কূটনৈতিক মিশন, কৃষি বিষয়ক বিভিন্ন আন্তজার্তিক ও আঞ্চলিক সংস্থার প্রধান/ প্রতিনিধিবৃন্দসহ ৫০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

শ্বাক্ষরিত/
(মোঃ মুস্তাফিজুর রহমান)
প্রধান টেকনিক্যাল অফিসার
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা
ফোন: ০১৭১৭-১৭১৯৮৬